


সূত্র নং- এসইসি/মুখপাত্র/২০১১/৮৭০

তারিখঃ ১১/০৬/২০১৩ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪৮২ তম কমিশন সভা অদ্য ১১/০৬/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. কমিশনের পরিদর্শন দল কর্তৃক উদ্ঘাটিত সিকিউরিটিজ সংক্রান্ত আইন ভঙ্গের জন্য Shymol Equity Management Ltd.-কে আজকের সভায় ৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গৃহীত হয়। Shymol Equity Management Ltd. যে সমস্ত সিকিউরিটিজ সংক্রান্ত আইন ভঙ্গ করেছে তার মধ্যে উল্লেখযোগ্য হলোঃ ৫ (পাঁচ) লক্ষ টাকার উপরে বিনিয়োগকারীদের নিকট হতে নগদ অর্থ গ্রহণ করা, মার্জিন চুক্তি না থাকা সত্ত্বেও কিছু ক্লায়েন্টকে মার্জিন ঋণ সুবিধা প্রদান, ব্যবস্থাপনা পরিচালক ও পরিচালকদের ঋণ সুবিধা প্রদান, ব্যবস্থাপনা পরিচালকের ব্যক্তিগত হিসাবে ক্লায়েন্টদের অর্থ জমা প্রদান এবং উক্ত অর্থ ফাইন্যান্সিয়াল স্টেটমেন্টে প্রদর্শন না করা ইত্যাদি।
২. কমিশন সভায়, Bangladesh Building Systems Limited এর ১০ টাকা মূল্যমানের ১.৪০ কোটি সাধারণ শেয়ার ফেস ভ্যালুতে প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ১৪ কোটি টাকা পুঁজি উত্তোলন করে ব্যাংক থেকে গৃহীত ঋণ এবং প্রাথমিক গণ প্রস্তাব এর খরচ খাতে ব্যয় করবে। Bangladesh Building Systems Limited এর ৩০শে জুন ২০১২ সালের আর্থিক বিবরণী অনুযায়ী নেট এ্যাসেট ভ্যালু হচ্ছে ১৩.০৭ টাকা, শেয়ার প্রতি আয় ২.৫৮ টাকা। উল্লেখ্য, জনতা ক্যাপিটাল অ্যান্ড ইনভেস্টমেন্ট লিমিটেড, Bangladesh Building Systems Limited এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে।


১১/০৬/২০১৩

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র